মুজিবনগরে ঐতিহাসিক ৭ মার্চ পালিত

এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম। মুজিবনগরে যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক ৭ মার্চ পালন করা হয়েছে।

১৯৭১সালের এই দিনে ঢাকার রমনার রেসকোর্স ময়দান (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যানে) অনুষ্ঠিত জনসভায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত এক ঐতিহাসিক ভাষণ। তিনি উক্ত ভাষণ বিকেল ২টা ৪৫ মিনিটে শুরু করে বিকেল ৩টা ৩ মিনিটে শেষ করেন। উক্ত ভাষণ ১৮ মিনিট স্থায়ী হয়।এই ভাষণের মাধ্যমে তিনি তৎকালীন পূর্ব পাকিস্তানের (বর্তমানে বাংলাদেশ) বাঙালিদেরকে স্বাধীনতা সংগ্রামের জন্য প্রস্তুত হওয়ার আহ্বান জানান।

২০১৭ সালের ৩০শে অক্টোবরে ইউনেস্কো ৭ই মার্চের ভাষণকে “ডকুমেন্টারি হেরিটেজ” (বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য) হিসেবে স্বীকৃতি দেয়।

সেই ঐতিহাসিক দিবসটি উপলক্ষে বৃহস্পতিবার (৭ই মার্চ) সকাল সাড়ে ৯টার সময় মুজিবনগর মুক্তিযোদ্ধা স্মৃতি কমপ্লেক্স এ অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি ও ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার নাজমুস সাদাত রত্ন, উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (তদন্ত) মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমান হোসেন মিলু,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন সাধারণ সম্পাদক তহমিনা খাতুন উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন সাধারণ সম্পাদক আইয়ুব হোসেন, উপজেলা ইয়ং বাংলা

ফিউচার লিডারের সভাপতি হাসানুজ্জামান লালটুসহ বিভিন্ন রাজনৈতিক সামাজিক ও শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা।

পরে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে ৭ই মার্চের তাৎপর্যের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা

ঐতিহাসিক ৭ মার্চ দিবস উদযাপন উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে আজ বৃহস্পতিবার (৭ মার্চ ) সকাল ১০ টার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হোসেনের (ভারপ্রাপ্ত) সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন সিভিল সার্জন ডা: মহী উদ্দিন আহমেদ,অতিরিক্ত পুলিশ সুপার মোঃ কামরুল আহসান, সদর উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো: মাজাহারুল ইসলাম, পিপি পল্লব ভট্টাচার্য।

সিনিয়র সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিট্টেট রনি খাতুনের সঞ্চালনায় এছাড়াও এসময় জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সিরাজুম মুনির, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিম, সদস্য শামীম আরা হীরা প্রমুখ উপস্থিত ছিলেন।

আলোচনা অনুষ্ঠান শেষে বিভিন্ন প্রতিযোগীতায় অংশ গ্রহন করা ছাত্র-ছাত্রীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়।

দর্শনা পৌর আ.লীগের উদ্দ্যগে ঐতিহাসিক ৭ মার্চ পালিত

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্মৃতি-বিজড়িত ৭ মার্চের ভাষণ উপলক্ষে সর্বস্তরের জনগণকে সাথে নিয়ে কর্মসূচি পালন করেছে দর্শনা পৌর আওয়ামীলীগ ও সহযাগী সংগঠন।

গত মঙ্গলবার ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে সকালে দর্শনা পৌর আ,লীগের দলীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর এমপি ও দলীয় পতাকা উত্তোলন করেন দামুড়হুদা উপজলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ,লীগের সাধারণ সম্পাদক আলী মুনছুর বাবু। পতাকা উত্তোলন শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর ঐতিহাসিক ৭ই মার্চে স্বাধীনতার দিক নির্দশনা বক্তব্যে বলেন, বঙ্গবন্ধুর দেওয়া ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটি বাঙালি জাতির জীবন অতিগুরুত্ব ও তাৎপর্য বহন করে এবং বাঙালি জাতির অনুপ্রেরণার অনিবার্ণ শিখা হয় অফুরান্ত শক্তি ও সাহস যুগিয়ে আসছে। একইসাথে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ জাতিসংঘের ইউনিসেফ কর্তক ‘‘বিশ্ব ঐতিহ্যের দলিল” হিসাবে স্বীকৃতি প্রাপ্ত হয়েছে।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আ,লীগের সহ-সভাপতি শফিকুল আলম, দর্শনা নাগরিক কমিটির সসদ্য সচিব ও দর্শনা পৌর আ,লীগর যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ, দর্শনা ডিএস ফাজিল মাদরাসার শিক্ষক আরিফুজ্জামান আরিফ, কুড়লগাছি ইউনিয়ন আ,লীগের সাবেক সাধারণ সম্পাদক ওসমান গনি, কাজল আহম্মেদ, দর্শনা পৌর ওয়ার্ড কমিটির সাধারন সম্পাদক জয়নাল আবেদীন নফর, সাধারন সম্পাদক নেফাউর রহমান মন্টু, আ,লীগ নেতা বিল্লাল হোসেন, সোলাইমান কবির, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্ট, হীরণ, দামুড়হুদা উপজেলা ছাত্র লীগের সভাপতি আরিফুল মল্লিক।

দর্শনা পৌর ছাত্রলীগের সভাপতি রফিকুল ইসলাম ববি, কলেজ ছাত্র

লীগের সভাপতি নাহিদ পারভেজ, সাধারন সম্পাদক ছাত্রলীগ নেতা লোমান, অপু সরকার। এছাড়াও দর্শনা পৌর মুক্তিযাদ্ধা সংসদ, পৌর আওয়ামী লীগ, উপজেলা ও পৌর যুবলীগ, ছাত্রলীগ, দর্শনা কলেজ ছাত্র লীগসহ বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মেহেরপুর জেলা পরিষদের পুষ্পমাল্য অর্পণ

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাডঃ আব্দুস সালাম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পমাল্য অর্পণ করেছেন।

মঙ্গলবার রাতে মেহেরপুর জেলা পরিষদের সামনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্প মাল্য অর্পণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন সহকারী প্রকৌশলী মুজিবুর রহমান, উচ্চমান সহকারী মোঃ জাহিদুল ইসলাম,উচ্চমান সহকারী মো শাহিন ইকবাল, কম্পিউটার অপারেটর এস.এম.রোকনুজ্জামান, সদস্য ইমতিয়াজ হোসেন মিরন,আজিমুল বারী,ফয়সাল প্রমুখ।